53

দৈনিক ইনকিলাব

তারিখ 2-5 DEC 1998
পৃঃ ৩ কলাম ৪

নতুন নতুন নিয়ম কানুন : বাড়ছে নানারকম হয়রানি

# রাজশাহী ভার্সিটিতে ভর্তিচ্ছুরা বিড়ম্বনার শিকার : ফরম কিনে হতাশ অনেকেই

রাঃ বিঃ রিপোর্টার : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীরা বিড়ম্বনার শিকার হচ্ছে। অনেকেই ভর্তি ফরম তুলে জমা দিতে না পেরে হতাশ হয়ে ফিরে যাচ্ছে।

১৯৯৮-৯৮ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ সম্মান কোর্সে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের নিকট থেকে পূরণকৃত ভর্তি ফরমের সাথে উভয় পরীক্ষার নম্বরপত্র, স্কুল ও কলেজের প্রশংসাপত্র এবং স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাসের মূল অথবা সাময়িক (এসএসসি) সনদপত্রের ফটোকপি জমা নিচ্ছে। কিন্তু অনেক ছাত্রছাত্রীই এসএসসি বা সমমানের পরীক্ষার সনদপত্র সঙ্গে আনেনি বা স্কুল/বোর্ড অফিস থেকে এখনো পায়নি। তারা ভর্তি ফরম তুলেও জমা দিতে পারছে না। ফলে হতাশ হয়ে তারা ফিরে যাচ্ছে। মারফত নামের একজন ভর্তিচ্ছু কাঁদো কাঁদো স্বরে বললেন, অনেক ইচ্ছা ছিল উচ্চ শিক্ষা নেব। কিন্তু হয়তোবা সম্ভব হবে না বিশ্ববিদ্যালয় প্রশাসনের হঠকারী সিদ্ধান্তের কারণে। গত বছরও ভর্তি পরীক্ষায় সনদপত্র না নিয়েও ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ ছিল বলে তার সাথী কামরুল ও শিপন জানায়। অনেক ভর্তিচ্ছুই অভিযোগ করেছে, এটা আমাদের হয়রানি করা ছাড়া অন্য কিছুই নয়। বিশ্ববিদ্যালয়ের একজন প্রবীণ শিক্ষক জানান, আগে তো শুধু মার্কশীট ও টেস্টিমনিয়াল দিয়েই সব হয়েছে। এখন নতুন নতুন সিস্টেম চালু হচ্ছে, ছাত্রছাত্রীদের হয়রানি বাড়ছে। আরিফুর রহমান নামে জনৈক ভর্তিচ্ছু জানান, এসএসসি পাসের সার্টিফিকেট অনেক দৌড়াদৌড়ি করেও আমি পাইনি। অথচ এটি জমা দিতে বাধ্যতামূলক হওয়ায় ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবো কিনা বুঝতে পারছি না। দুটি পরীক্ষায় স্টার মার্ক পেয়েও ভর্তি পরীক্ষা অংশ নিতে না পারলে আত্মহত্যা ছাড়া কোন গত্যন্ত থাকবে না।